বাজেট বরাদ্দের দাবীতে ঝিনাইদহে আইনজীবীদের মানববন্ধন

বিচার বিভাগ ও আইনজীবীদের উন্নয়ন ও কল্যান ফান্ডে বাজেট বরাদ্দের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। মঙ্গলবার (২৩জুন) সকালে ঝিনাইদহ আদালত চত্বরে এ কর্মসূচির আয়োজন করে জেলা আইনজীবী সমিতি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সমিতির নেতৃবৃন্ধসহ আইনজীবীরা অংশ নেয়।

সেসময় জেলা আইনজীবী সমিতির সভাপতি কাজী একরামুল হক আলম, সাধারণ সম্পাদক শফিউল আলম, সাবেক সভাপতি ও পিপি অ্যাডভোকেট এস এম মশিয়ুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, বর্তমানে আইনজীবীদের কল্যাণ খাতে যে বরাদ্দ তা একেবারেই অপ্রতুল। একজন আইনজীবী মারা গেলে বার কাউন্সিল থেকে মাত্র ১০ লাখ টাকা সহায়তা দেওয়া হলেও ৩০-৪০ বছর আইনসেবা প্রদানকারী আইনজীবীদের জীবদ্দশায় পর্যাপ্ত আর্থিক সুবিধা নেই। তাই আইনজীবীদের কল্যাণে বাজেট বরাদ্দ বৃদ্ধি ও জীবদ্দশায় অধিক আর্থিক সহায়তার দাবি জানান তারা।

ঝিনাইদহে কৃষকদের মাঝে ৭ হাজার গাছের চারা ও জৈব সার বিতরণ

সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ঝিনাইদহে কৃষকদের মাঝে ৭ হাজার গাছের চারা ও জৈব সার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (২৩জুন) সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ গাছের চারা বিতরণ করা হয়। সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তারেক হাসান, উপজেলা কৃষি কর্মকর্তা-নূর-এ নবী, অতিরিক্ত কৃষি অফিসার মুহাম্মদ জুনাইদ হাবী, কৃষি সম্প্রসারণ অফিসার মীর রাকিবুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক

আমিনুল ইসলাম লিটনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায় সরকারের প্রণোদনা কর্মসূচীর আওতায় সদর উপজেলার বিভিন্ন গ্রামের ১ হাজার ২’শ ২০ জন কৃষক ও ৯০ টি প্রতিষ্ঠানের মাঝে ৭ হাজার ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা ও ২১ টন জৈব সার এবং খুটি বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহে সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপারের মতবিনিময়

ঝিনাইদহ জেলায় কর্মরত ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান এর মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২১ জুন) বেলা ১১টার দিকে জেলা পুলিশ সুপারের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় ঝিনাইদহ শহরে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, কিশোর গ্যাং এর বিরুদ্ধে কঠোর অবস্থান, মাদক ও সন্ত্রাস দমনে সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন। তিনি পুলিশ-সাংবাদিক পেশাদার সম্পর্ক দৃঢ় করার ওপর গুরুত্বারোপ করেন।

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন জেলা পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান। এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) শেখ বিল্লাল হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) মোঃ মোসফেকুর রহমান, ঝিনাইদহ ডিবি’র ওসি ছাব্বিরুল ইসলাম ও সাংবাদিক নেতৃবৃন্দ। নবাগত পুলিশ সুপার বলেন, ঝিনাইদহের সার্বিক আইন-শৃঙ্খলা সহনশীল রাখার জন্য গণমাধ্যমকর্মীদের বিশেষ সহযোগিতা প্রয়োজন।

পুলিশের প্রতি আস্থা ফেরানোর জন্য জেলার মানুষেরও সহযোগিতা প্রয়োজন। জেলায় মাদক মুক্ত করতে বিশেষ পদক্ষেপ নেওয়ার কথা জানান তিনি।

অনুষ্ঠানে নবাগত পুলিশ সুপার সাংবাদিকদের কাছ থেকে ঝিনাইদহ জেলার বিভিন্ন সমস্যা, বিশেষ করে অপরাধ, দুর্নীতি, বাল্যবিবাহ, মাদক, যানজটসহ অন্যান্য সমস্যার কথা শোনেন এবং এসব সমস্যার সমাধানে পদক্ষেপ নেয়ার আশ্বাস দেন।

এছাড়াও পুলিশ সুপার সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, ঝিনাইদহ জেলায় মাদক ও জুয়ার বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করা হয়েছে। এ জন্য মাদক ও জুয়ার স্পটের তালিকা তৈরি করে অভিযান চালানো হবে বলে ঘোষণা দেন।

ঝিনাইদহে ব্যবসায়ী মুরাদ হত্যা মামলার প্রধান আসামী কারাগারে

ঝিনাইদহ শহরের পবহাটিতে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ব্যবসায়ী মুরাদকে কুপিয়ে হত্যা মামলার প্রধান আসামী সৌরভ মন্ডলকে কারাগারে পাঠিয়েছে আদালত।

রোববার (২১ জুন) সকালে ঝিনাইদহ সদর থানায় দুই দিনের রিমান্ড শেষে পুলিশ তাকে আদালতে সোপর্দ করলে আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেয়। সৌরভ মন্ডল পবহাটি এলাকার আলম মন্ডলের ছেলে।

জানা যায়, গত ২০২৫ সালের ২৯ নভেম্বর শহরের পবহাটি সিটি মোড়ে ব্যবসায়ী মুরাদকে কুপিয়ে হত্যা করে সৌরভ ও তার সহযোগীরা।

এ ঘটনায় নিহতের স্ত্রী সাথী খাতুন বাদি হয়ে ১১ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ৪/৫ জনকে আসামী করে সদর থানায় হত্যা মামলা দায়ের করে। এই মামলার কয়েকজন আসামী এর আগে গ্রেফতার হলেও পলাতক ছিলো মুল হোতা সৌরভ মন্ডল।

গত ১১ জুন সদর উপজেলা আদালতে আত্মসমর্পণ করে সৌরভ মন্ডল। পরে ১৮ জুন পুলিশ ১০ দিনের রিমান্ড আবেদন করলে ২ দিনের রিমান্ড মঞ্জুর করে আদালত। রিমান্ড শেষে রোববার পুলিশ তাকে আদালতে সোপর্দ করে।

মামলার তদন্তকারী কর্মকর্তা ঝিনাইদহ সদর থানার এস আই সাখাওয়াত হোসেন বলেন, আসামী সৌরভ আদালতে স্বীকারোক্তিমুলক জবানবন্দি দিবে না।

তবে আমাদের কাছে অনেক গুরুত্বপুর্ণ তথ্য দিয়েছে। পরবর্তীতে তা যাচাই করে উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলোচনা শেষে ব্যবস্থা নেওয়া হবে।

শৈলকুপায় বাসের চাকায় পিষ্ট হয়ে ট্রাক চালক নিহত

ঝিনাইদহে শৈলকুপায় বাসের চাকায় পিষ্ট হয়ে এক ট্রাক চালক নিহত হয়েছে। রোববার (২১ জুন) সকালে উপজেলার বড়দাহ ব্রীজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সকালে বড়দাহ ব্রীজ এলাকায় রাস্তার পাশে ট্রাক রেখে চা পান করছিলো যশোরের চুড়ামন কাটি এলাকার বাসিন্দা ট্রাক চালক আব্বাস হোসেন (৪২)।

চা পান শেষে রাস্তা পার হওয়ার সময় খুলনা থেকে কুষ্টিয়াগামী রূপসা পরিবহনের একটি বাস তাকে চাপা দিয়ে পালিয়ে যায়।

এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়।

ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার ওসি জাহানুর হোসেন মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। লাশ মর্গে পাঠান হয়েছে।

গাইবান্ধাসহ সারাদেশে মন্দির গুড়িয়ে দেওয়ার হুমকির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

গাইবান্ধার পলাশবাড়িতে শ্রী রামচন্দ্রকে অবমাননা ও মন্দির গুড়িয়ে দেওয়ার হুমকির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

শনিবার (২০জুন) সকালে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে এ কর্মসূচীর আয়োজন করে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ ও হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দ ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। জেলা পূজা উদযাপন পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি কানন কুমার দাসের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক বিনয় কৃষ্ণ বিশ্বাসের সঞ্চালনায় কর্মসূচীতে বক্তব্য রাখেন জেলা হিন্দু বৌদ্ধ ঐক্য পরিষদের আহ্বায়ক চন্দন বসু মুক্ত, সদস্য সচিব অরুণ কুমার ঘোষ, যুগ্ম আহ্বায়ক প্রসেনজিৎ ঘোষ শিপন, পৌর পূজা উদযাপন পরিষদের সভাপতি সাধন সরকার, ছাত্র ঐক্য পরিষদের সভাপতি বিনয় কুমার বিশ্বাসসহ অন্যান্যরা।

কর্মসূচিতে বক্তারা, গাইবান্ধার পলাশবাড়ী এলাকায় সংঘটিত ঘটনার নিন্দা জানিয়ে দোষীদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান এবং সারাদেশে মন্দির গুড়িয়ে দেওয়া হুমকীদাতাদের চিহ্নিত করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান।

ঝিনাইদহে মেডিকেল কলেজ স্থাপনের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা শহরে রেল লাইন ও মেডিকেল কলেজ স্থাপনের দাবীতে

মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার (২০ জুন) সকালে শহরের পায়রা চত্বরে জেলা রেল লাইন, মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটি এ কর্মসূচির আয়োজন করে।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচিতে সংগঠনের সভাপতি এন এম শাহজালাল, সাধারণ সম্পাদক কামরুজ্জামান পিন্টু, পরিবেশবিদ খন্দকার গিয়াস উদ্দিন, বাসদ নেতা এ্যাড আসাদুজ্জামান, ছাত্রফ্রন্টের নেতা শারমিন সুলাতানাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, ভৌগোলিক ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও ঝিনাইদহ শহর দীর্ঘদিন ধরে রেল যোগাযোগ ও উন্নত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত। মেডিকেল কলেজ স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হলেও তা শহর থেকে ১৫ কিলোমিটার দূরে শৈলকুপা উপজেলায় করা হচ্ছে।

তাই জেলা শহরে মেডিকেল কলেজ ও রেল লাইন স্থাপনের দাবী জানান বক্তারা, অবিলম্বে এই ন্যায্য দাবি পূরণ করা না হলে আগামীতে আরও কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তারা।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী ফল মেলার উদ্বোধন

‘করব মোরা ফল চাষ, সংরক্ষণ করব বারো মাস’ এ শ্লোগানে ঝিনাইদহে শুরু হয়েছে ৩ দিন ব্যাপী ফল মেলা।

বৃহস্পতিবার সকালে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়ে এ মেলার উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে জেলা প্রশাসক নোমান হোসেন, জেলা পরিষদের প্রশাসক এম এ মজিদ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কামরুজ্জামান, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ নবী, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে এ মেলায় ৫ টি স্টল প্রদর্শণ করা হয়েছে। প্রায় অর্ধশত প্রকার দেশীয় ফল ও ফল আবাদের উন্নত প্রযুক্তি প্রদর্শন করা হয়েছে মেলায়।

আগামী ২০ জুন শেষ হবে এ মেলা। দেশীয় ফলের উৎপাদন ও ভোক্তা সচেতনতা বাড়াতে এ ধরণের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করেন আয়োজকরা।

ঝিনাইদহে দুর্নীতি বিরোধী বিতর্ক প্রতিযোগিতা

‘দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা, গড়বে আগামীর শুদ্ধতা’ এই এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহ দুর্নীতি বিরোধী বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ।

বৃহস্পতিবার সকালে ঝিনাইদহের মুক্তিযোদ্ধা মসিউর রহমান ডিগ্রি কলেজে এ প্রতিযোগিতার আয়োজন করে জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক)।

‘অভাব নয়, সীমাহীন লোভ ও হীন মানসিকতাই দুর্নীতির প্রধান কারণ’ শীর্ষক এই বিতর্ক প্রতিযোগিতায় অংশ নেয় ঝিনাইদহ সদর উপজেলার ৪ টি বিদ্যালয়ের বিতার্কিকরা। ফাইনালে মুখোমুখি হয় সদরের বারেক আলী মাধ্যমিক বিদ্যালয় ও এম কে মাধ্যমিক বিদ্যালয়।

পক্ষে থাকা দল যুক্তি দেয় মানুষের সীমাহীন লোভ, নৈতিক মূল্যবোধের অবক্ষয় এবং অসৎ মানসিকতাই দুর্নীতির মূল কারণ। অন্যদিকে বিপক্ষে থাকা দল দাবি করে, দারিদ্র্য, বেকারত্ব ও সামাজিক বৈষম্যও দুর্নীতি বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

প্রতিযোগিতা শেষে বিচারকদের রায়ে বারেক আলী মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং এম কে মাধ্যমিক বিদ্যালয় রানারআপ হওয়ার গৌরব অর্জন করে।

প্রতিযোগিতা শেষ বিজয়ী ও রানার্সআপ পক্ষের মাঝে ট্রফি তুলে দেন

অতিথিরা। সেসময় সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর রুহুর আমিন, মুক্তিযোদ্ধা মসিউর রহমান ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামরুন্নাহার লিজি, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান শরিফুজ্জামান, দুপ্রক জেলা শাখার সাধারণ সম্পাদক বাবলু কুন্ডু, কেসি কলেজের বাংলা বিভাগের অধ্যাপক ফরিদুল ইসলাম, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ফজলে রাব্বীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানান, এমন আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে দুর্নীতিবিরোধী চেতনা আরও জোরদার হবে এবং ভবিষ্যৎ নেতৃত্ব হবে দায়িত্ববান ও নীতিবান।

ঝিনাইদহে অত্যাধুনিক কসাইখানা উদ্বোধন করলেন আইনমন্ত্রী

১০ কোটি ৮২ লাখ টাকা ব্যায়ে নির্মিত ঝিনাইদহের অত্যাআধুনিক কসাইখানা উদ্বোধন করেন আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী অ্যাড. আসাদুজ্জামান।

সর্বাধুনিক কসাইখানাটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনে প্রাণিসম্পদ অধিদপ্তরের ‘লাইভস্টক অ্যান্ড ডেইরি ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় এই মেগা প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। আধুনিক ও স্বাস্থ্যসম্মত উপায়ে গবাদিপশু জবাইয়ের লক্ষ্যে এ কসাইখানা নির্মাণ করা হয়েছে।

বুধবার (১৭ জুন) সকালে প্রধান অতিথি হিসেবে কসাইখানার উদ্বোধন করেন আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী অ্যাড. আসাদুজ্জামান।

জেলা প্রশাসক মোহাম্মদ নোমান হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান, জেলা পরিষদের প্রশাসক এম এ মজিদ, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায়, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা।